গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা

জুলাই, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভা

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>সচিব |
| সভার তারিখ | ২৪.০৭.২০২৩ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১০: ৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ। পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ। |

সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সংসদ ও সমন্বয়) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন** | গত ১৯.০৬.২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোন সংশোধনী না থাকায় গত ১৯.০৬.২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বৎসরের এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এপিএ-তে সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার এপিএ টীম কর্তৃক নিয়মিত সভা করা হয়।<br><br>সভাপতি কর্তৃক এপিএ’র সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তিনি শুদ্ধাচার পুরস্কারের নীতিমালা পরিবর্তনের মাধ্যমে শুদ্ধাচার পুরস্কার ব্যবস্থাপনা সংস্কার করা প্রয়োজন মর্মে মতামত প্রদান করে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১) এপিএ’র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার সকল এপিএ টীম কর্তৃক নিয়মিত সভা করতে হবে। দপ্তর/ সংস্থা প্রধানগণ ও মন্ত্রণালয়ের এপিএ টীম লিডার বিষয়টি নিশ্চিত করবেন।<br>২) শুদ্ধাচার পুরস্কার ব্যবস্থাপনা সংস্কারের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রদান করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২. এপিএ টীম লিডার নৌপরিবহন মন্ত্রণালয়<br>৩. |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | **ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | সিস্টেম এনালিস্ট নৌপম সভায় মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের ই-নথি/ডি-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে,<br>ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় জুন মাসে ৮৯.০৬% ফাইল ই-নথিতে সম্পন্ন করেছে। সংস্থা সমূহের অগ্রগতি সন্তোষজনক। তিনি ই-নথি/ডি-নথিতে শতভাগ কার্য সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। ইনোভেশন টিমের কার্যক্রম গতিশীল করার জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। তিনি ২০০৯ হতে ২০২৩ পর্যন্ত প্রকাশিত বর্তমান সরকারের সাফল্য নিয়ে মন্ত্রণালয়ের সকল প্রকাশনীর একটি সমন্বিত প্রকাশনী দ্রুত প্রকাশ করতে নির্দেশনা প্রদান করেন। | ১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথি/ডি-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২. ইনোভেশন টিমের কার্যক্রম গতিশীল করতে হবে।<br>৩. ২০০৯ হতে ২০২৩ পর্যন্ত প্রকাশিত বর্তমান সরকারের সাফল্য নিয়ে মন্ত্রণালয়ের সকল প্রকাশনীর একটি সমন্বিত প্রকাশনী দ্রুত প্রকাশ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br><br>২. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়<br>৩. ইনোভেশন টীম, নৌপম<br>৪. যুগ্ম-সচিব, প্রশাসন, নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ** | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, **মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থা সমূহের সাধারণ অডিট আপত্তি ৪৮০টি, অগ্রিম অডিট আপত্তি ৮৯৯টি ও খসড়া আপত্তি ১৫4টি সহ মোট ১৫৩৩ টি অডিট আপত্তি অনিষ্পন্ন** রয়েছে। **এগুলোর সাথে** ১৪৮২০.৪৮কোটি (চৌদ্দ হাজার আটশত বিশ কোটি আটচল্লিশ লক্ষ) **টাকা জড়িত আছে।তিনি জানান** প্রতিটি দপ্তর/সংস্থার সর্বোচ্চ আর্থিক জড়িত ৫টি অডিট আপত্তি বাছাই করা হয়েছে; যার সঙ্গে মোট আপত্তির প্রায় অর্ধেক আর্থিক বিষয় জড়িত রয়েছে।<br><br>সভাপতি কর্তৃক প্রতিটি দপ্তর/সংস্থার বাছাইকৃত সর্বোচ্চ আর্থিক জড়িত ৫টি অডিট আপত্তি দ্রুত নিস্পত্তির জন্য প্রয়োজনে ঢাকা এবং চট্রগ্রামে সভার আয়োজন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। | ১. মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২. দপ্তর/সংস্থা সমূহের চিহ্নিত সর্বোচ্চ আর্থিক জড়িত ৫টি করে অডিট আপত্তি দ্রুত নিস্পত্তির জন্য প্রয়োজনে ঢাকা এবং চট্রগ্রামে সভার আয়োজন করতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | **দেওয়ানী ও রিট মামলা সংক্রান্ত তথ্য** | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত দেওয়ানী ও রিট মামলার সংখ্যা ৫১০টি। ৪৮৪ টির জবাব দাখিল করা হয়েছে। ২২ টির (নৌপরিবহন অধিদপ্তরের ১৬টি, বিআইডব্লিউটিসি'র ৩টি এবংবাস্তবকের ৩টি), জবাব দাখিল করা হয়নি। জবাব দাখিলসহ মামলাসমূহ নিষ্পত্তিতে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের অনিষ্পন্ন মামলা যা আছে তা নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয়। |
| ৬. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশনা মোতাবেক তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীনে স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহের ১) ৫ ধারা মোতাবেক তথ্যবলীর ক্যাটগরি ও ক্যাটালগ এবং ২) স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রতিনিয়ত হালনাগাদ করা হয়। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | **নাম পদবি ব্যবহার সংক্রান্ত** | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, মোবক, বাস্তুবক, জানরক এবং পাবক এর পদনাম/পদবি পরিবর্তন বিষয়ে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে সারসংক্ষেপ করা হয়েছে। চবকের পদনাম পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিতমতে তথ্যাদি প্রেরণ করা হয়েছে।<br>বিআইডব্লিউটিসি'র অগ্রানোগ্রামে অনুমোদিত পদনাম সংশোধনপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুসারে প্রস্তাব প্রেরণের জন্য নৌপরিবহন মন্ত্রণালয় হতে সর্বশেষ ০৬-০৪-২০২৩ তারিখে বিআইডব্লিউটিসিকে অনুরোধ করা হয়; জবাব পাওয়া যায়নি।<br>বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে অর্থ বিভাগের চাটহিতমতে তথ্যাদি প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/মোবক/পাবক/ বাস্থবক ও বিআইডব্লিউটিএ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | **শূন্যপদ পূরণ সংক্রান্ত** | মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের অনেক পদ শূন্য রয়েছে। শুন্য পদসমূহ জরুরি ভিত্তিতে পূরণ করা প্রয়োজন। সভাপতি জানান যে, মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী মহোদয় সকল শূন্যপদ অক্টোবর'২০২৩ মাসের মধ্যে পূরনের জন্য নির্দেশনা প্রদান করেছেন। তিনি উক্ত নির্দেশনা অনুসরণ করে শূন্যপদ সমূহ পূরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থার সকল শূন্যপদে অক্টোবর'২০২৩ মাসের মধ্যে আবশ্যিকভাবে জনবল নিয়োগ প্রদান নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা প্রধান। |
| ৯ | **মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন:** | | | |
| | **ক. বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করে প্রণয়ন প্রসঙ্গেঁ** | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, "The Protection of Ports (Special measures) Act No. XVII of 1948" এর স্থলে "বন্দর সংরক্ষন আইন, ২০১৯" এর খসড়া প্রণয়ন করে এসংক্রান্তে আন্ত:মন্ত্রণালয় সভা করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থার মতামত গ্রহণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ হতে প্রমিতকরণ করে মন্ত্রিপরিষদ বিভাগের "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক মতামত প্রদান" সংক্রান্ত কমিটির নিকট ০১-০৬-২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে। | সকল প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ পূর্বক ইংরেজী ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করে প্রণয়ন নিশ্চিত করতে হবে। | ১. উপসচিব (মোবক), নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | **খ.** | উপসচিব (সংসদ ও | মন্ত্রিসভা বৈঠকে | ১. মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| | **নীতিগতভাবে অনুমোদিত আইন মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে উপস্থাপন সংক্রান্ত।** | সমন্বয়) সভায় জানান যে, ১। The Ports (Amendment) Act, 2015” (নীতিগত অনুমোদনের তারিখ ০৬ এপ্রিল ২০১৫) নীতিগত অনুমোদনের পর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিং করে গত ০৩-০৮-২০১৫ তারিখে “The Ports (Amendment) Act, 2015”জাতীয় সংসদে বিল আকারে প্রেরণ করা হলে জাতীয় সংসদের ১৭-১১-২০১৫ তারিখের বৈঠকে বিলটি ভোটের মাধ্যমে প্রত্যাহার করা হয়। অতপর “The Ports (Amendment) Act, 2015”আইনটিকে বাংলায় রূপান্তরিত করে “বন্দর আইন, ২০২৩”প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। এর প্রক্রিয়া অনুসরণ অন্তে ১৪-০৬-২০২৩ তারিখেমন্ত্রিপরিষদ বিভাগের “আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি”র নিকট প্রেরণ করা হয়েছে।<br>২.“The Bangladesh Inland Water Transport Corporation Order-1972” (নীতিগত অনুমোদনের তারিখ ০৯ সেপ্টেম্বর ২০১৯) এর পরিবর্তে বাংলাভাষায় ‘বাংলাদেশ | নীতিগতভাবে অনুমোদিত আইনের খসড়া মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২. দপ্তর ও সংস্থা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০১৯’-এর খসড়ার মন্ত্রিসভা কর্তৃক নীতিগতভাবে অনুমোদনের পর আইনটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিংকৃত “বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০২০” মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে পত্র মারফত জানানো হয় যে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহ পরিবর্তিত প্রেক্ষাপটে কোনরূপ সংশোধন /পরিমার্জন/ পরিবর্ধনের আবশ্যকতা দেখা দিলে ঐগুলি রহিত না করিয়া কেবল প্রয়োজনানুগ সংশোধনের উদ্যোগ গ্রহণ সমীচীন।’’বর্ণিত নির্দেশনা মতে নৌপরিবহন মন্ত্রণালয় হতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন (সংশোধন) আইন, ২০২১ খসড়া প্রস্তুত করে আন্তঃ মন্ত্রণালয়ের সভার মাধ্যমে খসড়া চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে খসড়াটি প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা নিরিক্ষা সংক্রান্ত কমিটির বিগত ৯ মার্চ, ২০২২ তারিখে ১ম সভা, ২৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখে ২য় সভা এবং ১৮ মে ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আইনের খসড়া পরীক্ষা নিরিক্ষা সংক্রান্ত কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক অনুমোদিত মূলধন বৃদ্ধির বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহন করে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা নিরিক্ষা সংক্রান্ত কমিটির নিকট ১৬.০৭.২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে। | | |
| | **গ. সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশসমূহ সংশোধন/পরিমার্জন ও রহিতক্রমে নূতন আইনে পরিণতকরণ** | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, সামরিক শাসনামলে জারিকৃত ১) “The Inland Shipping Ordinance, 1976” বাতিল করে “বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২২” প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। গত ১৩-০৭-২০২১ খ্রি. তারিখ নৌপরিবহন মন্ত্রণালয় হতে মন্ত্রিপরিষদ বিভাগে খসড়া আইনটি প্রেরণ করা হয়। উক্ত প্রণীত খসড়া নিয়ে পর্যায়ক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে মোট ০৪টি সভা অনুষ্ঠিত হয়। সর্বশেষ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সংশোধিত খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে খসড়া আইনটি মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে। নীতিগত অনুমোদনের জন্য সারসংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। | সামরিক শাসনামলে জারিকৃত ১) “The Inland Shipping Ordinance, 1976” এবং ২) The Bangladesh Merchant Shipping Ordinance, 1983 দ্রুত অনুমোদনের প্রক্রিয়া শুরু করতে হবে। | ১. মন্ত্রণালয়<br>২. দপ্তর ও সংস্থা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২) The Bangladesh Merchant Shipping Ordinance, 1983 বাতিল করে "বাংলাদেশ বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২২" প্রণয়ণের জন্য সকল প্রকার প্রক্রিয়া সম্পন্ন শেষে গত ২০-০৪-২০২২ খ্রি. তারিখ প্রণীত আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হয়। গত ১২-০৯-২০২২ খ্রি. তারিখে ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত খসড়া ১৪-০৬-২০২৩ তারিখে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হলে ২১ জুন, ২০২৩ খ্রি. তারিখ ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সভার সিদ্ধান্ত মোতাবেক পরিমার্জিত খসড়াটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | | |
| ১০ | বিবিধ: | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | **১০.১ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত।** | উপসচিব (টিএ) সভাকে অবহিত করেন যে, নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির আহবায়কের সভাপতিত্বে সংশ্লিষ্টদের নিয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যস্থতায় দীর্ঘদিন যাবৎ বিরাজমান এ বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | বিআইডব্লিউটিএ’র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ও<br>২.উপসচিব (টিএ) নৌপরিবহন মন্ত্রণায়। |
| | **১০.২ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ।** | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, বর্তমানে চলমান মামলা ৫টি। নতুন কোন মামলা নেই। ১টি মামলার পুন:তদন্তের জন্য প্রেরণ করা হয়েছে। ৩টি মামলা তদন্ত প্রতিবেদনের জন্য অপেক্ষমাণ এবং ১টি মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগের জন্য অপেক্ষমাণ।<br>সভাপতি প্রত্যেকটি বিভাগীয় মামলা ভিন্ন ভিন্নভাবে উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন এবং দপ্তর/সংস্থাপ্রধানগণ তাদের বিভাগীয় মামলার বিষয়টি দ্রুত নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। | প্রত্যেকটি বিভাগীয় মামলা ভিন্ন ভিন্নভাবে উপস্থাপন করে নিষ্পত্তি করতে হবে। মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **১০.৩ পাবক-এর পরিচালক অর্থ পদে নিয়োগ প্রসঙ্গ।** | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভাকে অবহিত করেন যে পাবকের পরিচালক (অর্থ) পদে প্রেষণে নিয়োগ প্রদানের জন্য নৌপরিবহন মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় গত ০৪-০৬-২০২৩ তারিখে একজন কর্মকর্তাকে পদায়ন করা হলেও পরবর্তীতে তা বাতিল করা হয়। সভাপতি কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করা হয়। | পরিচালক (অর্থ) পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, পাবক ও উপসচিব (পাবক) নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | **১০.৪ মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের বাজেট বাস্তবায়ন ও আর্থিক প্রতিবেদন প্রকাশ সংক্রান্ত।** | উপসচিব (বাজেট) জানান ২০২২-২৩ অর্থ বৎসরের বাজেট বাস্তবায়িত হয়েছে। প্রতিবেদন পাওয়ার পর আর্থক প্রতিবেদন প্রকাশ করা হবে। সভাপতি অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বৎসরের বাজেট যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। | যথাযথভাবে মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বাজেট বাস্তবায়ন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, বাজেট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **১০.৫ মোবক-এর গৃহনির্মাণ ঋণ নীতিমালা এবং কর্মচারী প্রবিধানমালা অনুমোদন** | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, গৃহনির্মান ঋণ নীতিমালা প্রণয়নের লক্ষ্যে গত ০৫-০১-২০২৩ তারিখে অতিরিক্ত সচিব (বন্দর) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২ এর ৫৮ ধারার ক্ষমতা বলে কর্মচারী প্রবিধানমালা ২০২৩ গ্রহণের জন্য পূর্নাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য ৮ জানুয়ারি মোংলা বন্দর কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে গৃহনির্মাণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি কর্তৃক মোংলা বন্দর কর্তৃপক্ষকে গৃহনির্মাণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা প্রণয়নের কার্যক্রম দ্রুত নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়। | মোবক-এর গৃহনির্মান ঋণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ<br>২. উপসচিব (মোবক) নৌপরিবহন মন্ত্রণালয় |
| | **১০.৬ বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন** | উপসচিব (টিএ) জানান যে, গত ০৫-০৩-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ'র প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো যাচাই-বাছাই/পর্যালোচনা করার জন্য যুগ্মসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়-কে আহ্বায়ক করে ৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান রয়েছে। ভালোভাবে যাচাইবাছাই করে মতামত প্রদান করার জন্য কমিটিকে সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো দ্রুত অনুমোদন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ২. উপসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **১০.৭ মোবকে সদস্য (অর্থ) পদটি পূরণ সংক্রান্ত** | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, মোবকের সদস্য (অর্থ) পদটি পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে কর্তৃক একজন কর্মকর্তা পদায়ন করা হয়েছে; যোগদান করেননি। | মোবকের সদস্য (অর্থ) পদটি পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। চেয়ারম্যান (মোবক)<br>২। উপসচিব (মোবক) |
| | **১০.৮ স্থলবন্দরের সাংগঠনিক কাঠামো অনুমোদন** | উপসচিব (স্থলবন্দর) জানা যে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে ১৫ মে ২০২৩ তারিখে সাংগঠনিক কাঠামোর তফসিল-১ সংশোধনের বিষয়টি অনুমোদিত হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সভাপতি দ্রুত সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য নির্দেশনা প্রদান করেন। | স্থলবন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো দ্রুত অনুমোদন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান (বাস্থবক)<br>২। উপসচিব (বাস্থবক) |
| | **১০.৯ মেরিন একাডেমীসমূহের নিয়োগ বিধিমালা প্রনয়ণ** | ১৫ মে ২০২৩ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক সুপারিশ করা হয়। মতামত প্রদানের জন্য পিএসসি'তে প্রেরণ করা হয়েছে। কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি মেরিন একাডেমী সমূহে নিয়োগবিধিমালা প্রনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | মেরিন একাডেমীসমূহের নিয়োগ বিধিমালা জরুরী ভিত্তিতে প্রণয়ন সম্পন্ন করতে হবে। | ১. কমান্ড্যান্ট সকল মেরিন একাডেমী<br>২.নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা |
| | **১০.১০ পাবকের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ** | পাবকের সাংগঠনিক কাঠামোতে ৩৪১টি পদ সৃজন করা হয়েছে। আরও ৭৬০টি পদ সৃজনের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে চিঠি পাঠানোর কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি দ্রুত প্রবিধানমালা হালনাগাদকরণ শেষ করতে নির্দেশনা প্রদান করেন। | পাবকের সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদকরণ করতে হবে। | ১। চেয়ারম্যান (পাবক)<br>২। সিনিয়র সহকারী সচিব (পাবক) |

| | | | | |
|---|---|---|---|---|
| | **১০.১১ বিআইডব্লিউটিএ'র আওতাধীন সকল নদীবন্দরের ফোরশোর সমূহের মেয়াদ বৃদ্ধি** | ফোর শোরসমূহের দ্রুত হস্তান্তর গ্রহণ ও মেয়াদ বৃদ্ধি করতে হবে এবং ফোরশোর সমূহে যেন কেউ অবৈধভাবে অনুপ্রবেশ করে কোনো ভবন বা স্থাপনাদি নির্মাণ করতে না পারে সেজন্য গণবিজ্ঞপ্তি জারি করতে হবে। | ফোর শোরসমূহের হস্তান্তর গ্রহণ ও মেয়াদ বৃদ্ধি করতে হবে এবং অবৈধভাবে অনুপ্রবেশ বন্ধে গণবিজ্ঞপ্তি জারি করতে হবে। | ১। চেয়ারম্যান (টিএ)<br>২। উপসচিব (টিএ) |
| | **১০.১২ স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণ** | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণের কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি দ্রুত প্রবিধাণমালা হালনাগাদকরণ শেষ করতে নির্দেশনা প্রদান করেন। | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণ করতে হবে। | ১। চেয়ারম্যান (বাস্থবক)<br>২। উপসচিব (বাস্থবক) |
| | **১০.১৩ অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ।** | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থা প্রধানগণ সভাকে অবহিত করার অনুরোধ করেন। দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন। সভাপতি দপ্তর/সংস্থা সমূহের অনিষ্পন্ন কাজ দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য অনুরোধ করেন। | সকল দপ্তর ও সংস্থার প্রধানগণকে দ্রুত অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ করতে হবে। | ১. মন্ত্রণালয়<br>২. দপ্তর ও সংস্থা। |

১১। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল
সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২২.৫৮

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০
০৩ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা
৩) নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা

মোঃ মনিরুজ্জামান মিঞা
উপসচিব